

PRINT

সমকাল

পরিপ্রবির দুটি হল থেকে অন্ত উদ্বার

১০ ঘণ্টা আগে

পটুয়াখালী প্রতিনিধি

'পরিপ্রবিতে অন্ত হাতে ছবির পোষ্টারিং নিয়ে ক্যাম্পাসে তোলপাড়'- এ শিরোনামে গত সোমবার (৪ জুন) সমকালে একটি সংবাদ প্রকাশের পর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পরিপ্রবি) দুটি আবাসিক হলে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ দেশি ধারালো অন্ত উদ্বার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সোমবার রাত ১০টার দিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন এম কেরামত আলী হল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আবাসিক হল দুটিতে অভিযান চালিয়ে এসব অন্ত উদ্বার করে। এসব অন্ত্রের মধ্যে রয়েছে রড ও চাপাতি। অন্ত উদ্বারের খবরে হলের সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এ অভিযানের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা ও ল্যান্ড ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের ডিন আ ক ম মোস্তফা জামান। তার সঙ্গে ছিলেন বিভিন্ন আবাসিক হলের প্রত্নতাত্ত্বিক প্রশাসনের অন্য কর্মকর্তারা।

বিশ্ববিদ্যালয় ও স্থানীয় উপজেলার সংবাদকর্মীরা ছবি তুলতে গেলে বিশ্ববিদ্যালয় প্রশাসন বাধা দেয় এবং ঘটনাস্থল থেকে সংবাদকর্মীদের সরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ পাওয়া গেছে।

এ ব্যাপারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আবাসিক হলের প্রত্নতাত্ত্বিক এবিএম মাহবুব মোর্শেদ খান জানান, তেমন বড় ধরনের কোনো অন্ত পাওয়া যায়নি। রড জাতীয় কিছু পাওয়া গেছে।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com

